

## স্প্যানিশ ক্লাব অ্যাথলেটিকো মাদ্রিদের সঙ্গে রিয়াদ এয়ারের চুক্তি

- A Monitor Desk Report

Date: 14 August, 2023



স্প্যানিশ ফুটবল ক্লাব অ্যাথলেটিকো মাদ্রিদের সঙ্গে কয়েক বছরের জন্য নতুন চুক্তি করেছে রিয়াদ এয়ার। বিশ্বজুড়ে ছড়িয়ে থাকা ফুটবলপ্রেমীদের কাছে নিজেদের ব্যাপারে জানাতে এ স্পন্সরশিপ চুক্তি করেছে নতুন এ এয়ারলাইনস কোম্পানি।

চুক্তি অনুযায়ী, রিয়াদ এয়ার ক্লাবের মূল স্পন্সর ও অফিশিয়াল এয়ারলাইনস সহযোগী হিসেবে কাজ করছে। অ্যাথলেটিকো মাদ্রিদের প্রধান নির্বাহী মিগুয়েল অ্যাঞ্জেল গিল বলেন, ‘ক্লাবের প্রধান স্পন্সর হিসেবে রিয়াদ এয়ার যুক্ত হওয়ায় আমরা আনন্দিত। এ অংশীদারত্ব বিশ্বজুড়ে আমাদের ভক্তদের আরো ভালো অভিজ্ঞতা দেয়ার একটি দুর্দান্ত সুযোগ তৈরি করবে। এছাড়া আমি নিশ্চিত রিয়াদ এয়ারের সঙ্গে এ জোট আমাদের ক্লাবকে নতুন উচ্চতায় নিয়ে যাবে।’

প্রেস বিজ্ঞপ্তির তথ্যানুযায়ী, চলতি বছরের ১২ মার্চ যাত্রার পর এটিই রিয়াদ এয়ারের প্রথম স্পোর্টস স্পন্সরশিপ চুক্তি।

**আরও পড়ুন:** [ওয়ানডে ক্রিকেট বিশ্বকাপের টিকেট বিক্রয় শুরু ২৫ আগস্ট](#)

২০২৫ সাল থেকে এয়ারলাইনসটি আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করবে বলে সূত্রে জানা গেছে। ২০৩০ সালের মধ্যে কোম্পানিটি বিশ্বের ১০০টি স্থানের সঙ্গে সৌদির সংযোগ স্থাপনে আশাবাদী।

